৫৩/

২২

দৈনিক বাংলা

তারিখ 17 APR 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত করতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ ঃ নোমান

পরিবেশ ও বন এবং মৎস্য ও পশু-সম্পদ মন্ত্রী আবদুল্লা-আল-নোমান বলেন, শিক্ষার উন্নয়ন ও প্রসার জাতীয় অগ্রগতির চালিকা শক্তি হিসাবে কাজ করতে পারে এবং এক্ষেত্রে সাফল্য অর্জন করতে জনগণের সক্রিয় অংশগ্রহণ একান্ত প্রয়োজন। তিনি শুক্রবার চট্টগ্রামের বাঁশখালী থানার কালিপুর এজহারুল হক উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত বিদ্যালয়ের দু'দিনব্যাপী সুবর্ণ জয়ন্তী উৎসবের দ্বিতীয় দিনের আলোচনা সভা ও সংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

মন্ত্রী বলেন, সামাজিক জীবনে গণতান্ত্রিক মূল্যবোধের বিকাশের মাধ্যমে উন্নত

(৭-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত

(প্রথম পাতার পর)

পরিবেশ গড়ে তুলতে বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষা খাতে সর্বাধিক অর্থ বরাদ্দ করেছে। এ প্রসঙ্গে তিনি দেশে নারী শিক্ষা বিস্তারে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখতে শিক্ষক, ছাত্র, অভিভাবক ও এলাকাবাসীর সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে জনাব নোমান বলেন, শিক্ষার্থীরা পরিচ্ছন্ন পরিবেশ নিজেদের ভবিষ্যতের যোগ্য নাগরিক হিসাবে গড়ে তোলার অবাধ সুযোগ থেকে বঞ্চিত হলে শিক্ষার সকল আয়োজন ব্যর্থ হয়ে যায়। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানকে রাজনৈতিক তৎপরতার নামে সন্ত্রাসী ও হিংসাত্মক কর্মকান্ডের কেন্দ্র বিন্দুতে পরিণত করার সকল অপচেষ্টা নির্মূল করতে বর্তমান সরকার দৃঢ়প্রতিজ্ঞ।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক এম এ মতিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এ্যাডভোকেট আনোয়ারুল ইসলাম, বখতিয়ার নুর সিদ্দিকী, অধ্যক্ষ জহীরউদ্দীন আহমেদ, অধ্যক্ষ আবুল আহাদ, স্থানীয় উইপি চেয়ারম্যান জাকের আহমেদ ও স্থানীয় নাছিরা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জগদীশ রুদ্র। অনুষ্ঠানে মন্ত্রী বিদ্যালয়ের কৃতী প্রাক্তন ছাত্র, শিক্ষক ও প্রতিষ্ঠাতা সহযোগীদের মধ্যে সনদ বিতরণ করেন এবং বিদ্যালয় প্রাংগণে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করেন। এর আগে মন্ত্রী বাঁশখালী ডিগ্রী কলেজ পরিদর্শন করেন। মন্ত্রী চট্টগ্রাম পৌঁছে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন সম্প্রতি আততায়ীর হাতে গুলিবিদ্ধ বিএনপি নেতা আবদুল হালিমকে দেখতে যান।